



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

[www.rajshahieducationboard.gov.bd](http://www.rajshahieducationboard.gov.bd)

স্মারক নং- রাশিবো/ভর্তি/৭/কনি/০১/(৪র্থ)/২১২

তারিখ : ০৬/০৮/২০২৪

### জরুরী বিজ্ঞপ্তি

সূত্র: স্মারক নং- ২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১৩১১

তারিখ : ০৬/০৮/২০২৪

বিষয়: ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে সর্বশেষ ৪র্থ পর্যায়ে Online এর মাধ্যমে ভর্তির আবেদন, ফল প্রকাশ, নিশ্চয়ন ও কলেজে ভর্তির সময়সূচি।

শিক্ষার্থী, অভিভাবক ও বিভিন্ন কলেজের অধ্যক্ষগণের আবেদনের প্রেক্ষিতে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে Online এর মাধ্যমে ভর্তির লক্ষ্যে পুনরায় (সর্বশেষ) ৪র্থ ধাপে আবেদন গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকসহ সকলকে নিম্নোক্ত সময়সূচি অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো। আবেদন পদ্ধতি শিক্ষা বোর্ড সমূহের নির্ধারিত ভর্তি ওয়েবসাইট ([www.xiclassadmission.gov.bd](http://www.xiclassadmission.gov.bd)) তে প্রদত্ত পূর্ণাঙ্গ নির্দেশিকা অনুসরণ করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকদের কলেজে বিদ্যমান আসন সংখ্যা দেখে সর্বনিম্ন ০৫ (পাঁচ) টি ও সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজে আবেদন করতে পারবে।

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে (সর্বশেষ) ৪র্থ ধাপে Online এর মাধ্যমে যে সকল শিক্ষার্থী আবেদন করতে পারবে:

- ১। যে সকল শিক্ষার্থী পূর্বে আবেদন করেনি বা আবেদন করে কলেজে সিলেকশন পায়নি;
- ২। যে সকল শিক্ষার্থী চূড়ান্ত মনোনয়ন পেয়েছে কিন্তু কোন কারণে কলেজে নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে পারেনি কিংবা নিশ্চয়ন করতে পারেনি;

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে (সর্বশেষ) ৪র্থ ধাপে Online এর মাধ্যমে ভর্তির জন্য নিম্নোক্ত সময়সূচি অনুসরণ করতে হবে।

ক্রমিক	বিষয়	তারিখ
১.	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদন গ্রহণ	১১/০৮/২০২৪ (রবিবার) থেকে ১৪/০৮/২০২৪ (বুধবার রাত ১০:০০ টা পর্যন্ত)
২.	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদনের ফল প্রকাশ	১৭/০৮/২০২৪ (শনিবার রাত ৮:০০ টায়)
৩.	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চয়ন	১৮/০৮/২০২৪ (রবিবার) থেকে ১৯/০৮/২০২৪ (সোমবার রাত ৮:০০ পর্যন্ত)
৪.	কলেজ ভর্তি	২০/০৮/২০২৪ (মঙ্গলবার)

বিঃদ্র: উল্লেখ্য, “২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২৪” অনুসরণপূর্বক অনলাইন ব্যতীত ম্যানুয়ালী কোন ভর্তি করা হবে না। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান, অভিভাবক ও শিক্ষার্থীদের পুনরায় অবহিত করা যাচ্ছে।

চেয়ারম্যানের আদেশক্রমে

মো. এনামুল হক ০১৫২৫৮

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

ফোন : ০২৫৮৮৮৫৫৯৬৩

অধ্যক্ষ/প্রাপক শিক্ষক

উচ্চ মাধ্যমিক পর্যায়ের সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর-রাশিবো/ভর্তি/৭/কনি/০১/(৪র্থ)/২১৩

তারিখ : ০৬ আগস্ট ২০২৪

সূত্র : স্মারক নং-বিবিধ/কলেজ/২০২০/১৩১০

তারিখ : ০৬ আগস্ট ২০২৪

বিষয় : ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে শিক্ষার্থী ভর্তির সময়সীমা পুনরায় বৃদ্ধি ও ক্লাস শুরু প্রসঙ্গে।

রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন উচ্চ মাধ্যমিক পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে নির্বাচিত শিক্ষার্থীদের কলেজে ভর্তি সময়সীমা আগামী ০৭/০৮/২০২৪ তারিখ পর্যন্ত পুনরায় বৃদ্ধি করা হলো।

উল্লেখ্য, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস আগামী ০৮/০৮/২০২৪ তারিখ (বৃহস্পতিবার) শুরু হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

মো. এনামুল হক ০১৫২৫৮

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

ফোন : ০২৫৮৮৮৫৫৯৬৩

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

উচ্চ মাধ্যমিক পর্যায়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান।